

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

পরিকল্পনা ১ শাখা।

বিষয়ঃ ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় ২০১৬-১৭ অর্থ বছরের এডিপিভুক্ত প্রকল্পসমূহের ডিসেম্বর, ২০১৬ মাসের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

২৪/০১/২০১৭ তারিখে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সভাকক্ষে ২০১৬-১৭ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত প্রকল্পসমূহের ডিসেম্বর, ২০১৬ মাসের বাস্তবায়ন অগ্রগতির পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী অধ্যক্ষ মতিউর রহমান। সভায় উপস্থিত ছিলেন ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সচিব জনাব মো: আব্দুল জলিল।

২। সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে সংযোজিত।

৩। উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভায় অবহিত করা হয় যে, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ২০১৬-১৭ অর্থ বছরের বাজেট ৫২৪১৯.০০ লক্ষ টাকা (অনুন্নয়ন ২০৩৬৯.০০ লক্ষ টাকা+ উন্নয়ন ৩২০৫০.০০ লক্ষ টাকা)। ২০১৬-১৭ অর্থ বছরের এডিপিতে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অনুমোদিত প্রকল্প সংখ্যা ৭টি এবং অননুমোদিত প্রকল্প সংখ্যা ১৩টি। অনুমোদিত প্রকল্পের অনুকূলে বরাদ্দ রয়েছে ৩১০৭৪.০০ লক্ষ টাকা এবং অননুমোদিত প্রকল্পসমূহের জন্য ৯৭৬.০০ লক্ষ টাকা খোক বরাদ্দ রয়েছে। ডিসেম্বর, ২০১৬ পর্যন্ত অবমুক্ত হয়েছে ১৫৬৮৭.০০ লক্ষ টাকা (৫০.৪৮%) এবং উক্ত সময় পর্যন্ত ব্যয় হয়েছে ১৪৬৯৭.৮৭ লক্ষ টাকা (৪৭.৩০%)। অতঃপর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রঃনং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন কর্তৃপক্ষ
৩.১	<p>“মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায়” শীর্ষক প্রকল্প: সভায় জানানো হয় যে, “মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায়” শীর্ষক প্রকল্পটি ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সবচেয়ে বড় এবং গুরুত্বপূর্ণ প্রকল্প। প্রকল্পটি দেশব্যাপি বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পের প্রকল্প পরিচালক পিআরএলএ গমন করায় নতুন প্রকল্প পরিচালক নিয়োগের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। প্রকল্পের সহকারী পরিচালক জানান যে, প্রকল্পটির জন্য চলতি অর্থ বছরে বরাদ্দ প্রয়োজন ৩০১.০০ কোটি টাকা। কিন্তু বরাদ্দ পাওয়া গেছে ২৬০.০০ কোটি টাকা। সংশোধিত বাজেটে বরাদ্দ বৃদ্ধির জন্য মাননীয় ধর্মমন্ত্রী কর্তৃক অর্থমন্ত্রী ও পরিকল্পনা মন্ত্রী বরাবর আধা-সরকারি পত্র প্রেরণ করা প্রয়োজন। সভাপতি আধা-সরকারি পত্র প্রদানের জন্য প্রস্তাব প্রেরণ, নতুন প্রকল্প পরিচালক নিয়োগের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ রক্ষা, প্রকল্পের সকল কাজ সঠিক সময়ে সম্পাদন এবং বিগত সভার সিদ্ধান্ত অনুযায়ী ছাত্র-ছাত্রীদের ডাটা বেইজ দ্রুত সম্পন্ন করার উপর গুরুত্ব আরোপ করেন।</p>	<p>ক) সংশোধিত বাজেটে বরাদ্দ বৃদ্ধির লক্ষ্যে মাননীয় ধর্ম মন্ত্রী কর্তৃক অর্থ মন্ত্রী ও পরিকল্পনা মন্ত্রী বরাবর আধা-সরকারি পত্র প্রদান করতে হবে।</p> <p>খ) “মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায়” শীর্ষক প্রকল্পের নতুন প্রকল্প পরিচালক নিয়োগের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ রক্ষা করতে হবে।</p> <p>গ) প্রকল্পের সকল কাজ সঠিক সময়ে সম্পাদন করতে হবে।</p> <p>ঘ) ২০১৭ শিক্ষাবর্ষে “মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায়” শীর্ষক প্রকল্পের আওতায় পরিচালিত শিক্ষা কেন্দ্রসমূহের ছাত্র-ছাত্রীদের নাম ঠিকানা সম্বলিত ডাটা বেইজ দ্রুত তৈরির ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p>	<p>ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এবং মহাপরিচালক ইসলামিক ফাউন্ডেশন।</p> <p>ধর্ম বিষয়ক মন্ত্রণালয়</p> <p>প্রকল্প পরিচালক ও মহাপরিচালক ইসলামিক ফাউন্ডেশন।</p> <p>ঐ</p>
৩.২	<p>“মসজিদ পাঠাগার সম্প্রসারণ ও শক্তিশালীকরণ (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্প: সভায় জানানো হয় যে, প্রকল্পটির অগ্রগতি ভাল এবং চলতি অর্থ-বছরে প্রকল্পটি সমাপ্ত হবে। প্রকল্পের আওতায় ইতোপূর্বে প্রতিষ্ঠিত মসজিদ পাঠাগারের তালিকার এক সেট মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে এবং চলতি অর্থ-বছরে যে সকল মসজিদ পাঠাগার প্রতিষ্ঠা করা হবে তার তালিকা চূড়ান্ত করা হচ্ছে।</p>	<p>ক) প্রকল্পের আওতায় চলতি অর্থ বছরে যে সকল মসজিদ পাঠাগার প্রতিষ্ঠা করা হবে তার তালিকা চূড়ান্ত করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।</p> <p>খ) মে’২০১৭ এর মধ্যেই পাঠাগারসমূহে আলমারি ও পুস্তক সরবরাহ নিশ্চিত করতে হবে।</p>	<p>প্রকল্প পরিচালক</p> <p>ঐ</p>

৪

(চলমান পৃ:২)

<p>৩.৩</p>	<p>ইসলামী পুস্তক প্রকাশনা কার্যক্রম-২য় পর্যায় প্রকল্পঃ প্রকল্প পরিচালক বিদেশে থাকায় তার পরিবর্তে অন্য কোন দায়িত্বশীল কর্মকর্তা উপস্থিত না থাকায় সভায় অসন্তোষ প্রকাশ করা হয়। সভায় জানানো হয় যে, প্রকল্পের ১ম ও ২য় কিস্তির অর্থ ছাড় করা হয়েছে। পুস্তক মুদ্রণের জন্য পুস্তক বাছাইয়ের কাজ চলমান রয়েছে। প্রকল্পের জনবল নিয়োগের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। সভাপতি যে সকল পুস্তকের চাহিদা রয়েছে এমন পুস্তক ছাপানোর প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।</p>	<p>ক) যে সকল পুস্তকের চাহিদা রয়েছে এমন পুস্তক ছাপানোর প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। খ) প্রকল্পের জনবল নিয়োগের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।</p>	<p>প্রকল্প পরিচালক ঐ</p>
<p>৩.৪</p>	<p>“ইসলামিক ফাউন্ডেশনের জাতীয় পর্যায় ও জেলা লাইব্রেরীতে পুস্তক সংযোজন ও পাঠক সেবা কার্যক্রম সম্প্রসারণ” শীর্ষক প্রকল্প : সভায় জানানো হয় যে, বিবেচ্য প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগের প্রস্তাব পাওয়া গেছে, যা নথিতে উপস্থাপন করা হয়েছে। প্রকল্পের অনুকূলে বরাদ্দ প্রদানের জন্য প্রস্তাব প্রেরণ করা প্রয়োজন।</p>	<p>ক) “ইসলামিক ফাউন্ডেশনের জাতীয় পর্যায় ও জেলা লাইব্রেরীতে পুস্তক সংযোজন ও পাঠক সেবা কার্যক্রম সম্প্রসারণ” শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগ দ্রুত সম্পন্ন করতে হবে। খ) প্রকল্পটির অনুকূলে বরাদ্দ প্রদানের জন্য প্রস্তাব প্রেরণ করতে হবে।</p>	<p>ধর্ম বিষয়ক মন্ত্রণালয় মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন</p>
<p>৩.৫</p>	<p>“মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৪র্থ পর্যায়” প্রকল্প : প্রকল্প পরিচালক জানান যে, “মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৫ম পর্যায়” প্রকল্পের ডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। ইতোমধ্যে যাচাই কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। সভাপতি বান্দরবান জেলায় বিবেচ্য প্রকল্পের কার্যক্রম চলমান আছে কিনা সে বিষয়ে প্রশ্ন উত্থাপন করলে প্রকল্প পরিচালক জানান যে, বান্দরবান জেলায় হিন্দু জনসংখ্যা কম থাকায় মাত্র ৯টি কেন্দ্র চলমান রয়েছে। সভাপতি বান্দরবান জেলায় হিন্দু জনসংখ্যার সঠিক পরিসংখ্যান অবহিত করার জন্য প্রকল্প পরিচালককে অনুরোধ করেন। প্রকল্প পরিচালক আরো জানান যে, ৪র্থ পর্যায় প্রকল্পটি জুন’২০১৭ তে সমাপ্ত হবে। প্রকল্পটি বাস্তবায়নে কোন সমস্যা নেই।</p>	<p>ক) “বান্দরবান জেলায় হিন্দু জনসংখ্যার সঠিক পরিসংখ্যান মাননীয় ধর্ম মন্ত্রীকে অবহিত করতে হবে। খ) “মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৪র্থ পর্যায়” শীর্ষক প্রকল্পটি জুন’২০১৭ তে সমাপ্তির জন্য প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে।</p>	<p>প্রকল্প পরিচালক ঐ</p>
<p>৩.৬</p>	<p>ধর্মীয় এবং আর্থ-সামাজিক প্রেক্ষাপটে পুরোহিত ও সেবাইতদের দক্ষতা বৃদ্ধিকরণ প্রকল্প : প্রকল্প পরিচালক জানান যে, চলতি অর্থ বছরের প্রশিক্ষণ কার্যক্রম পুরোদমে চলমান রয়েছে। চলতি অর্থ বছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী ৬৫০০ জন পুরোহিত ও সেবাইতকে প্রশিক্ষণ প্রদান করা সম্ভব হবে। প্রকল্পটির সংশোধিত ডিপিপি প্রায় চূড়ান্ত হয়েছে। জুরুরি ভিত্তিতে তা মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে।</p>	<p>ধর্মীয় এবং আর্থ-সামাজিক প্রেক্ষাপটে পুরোহিত ও সেবাইতদের দক্ষতা বৃদ্ধিকরণ প্রকল্পটির সংশোধিত ডিপিপি জুরুরি ভিত্তিতে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।</p>	<p>প্রকল্প পরিচালক</p>
<p>৩.৭</p>	<p>প্যাগোডা ভিত্তিক প্রাক-প্রাথমিক শিক্ষা প্রকল্প : সভায় আলোচনা হয় যে, প্রকল্পের আওতায় পুস্তক, শিক্ষা উপকরণ ইত্যাদি বিতরণ করা হয়েছে। শিক্ষা কেন্দ্রসমূহ পরিদর্শনের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার বিষয়ে গুরুত্বারোপ করা হয়।</p>	<p>ক) মন্ত্রণালয় ও প্রকল্প অফিস কর্তৃক শিক্ষা কেন্দ্রসমূহ পরিদর্শনের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।</p>	<p>প্রকল্প পরিচালক</p>

৪

(চলমান পৃ:৩)

৩.৮	<p>অননুমোদিত নতুন প্রকল্প :</p> <p>ক) সভায় জানানো হয় যে, ইসলামিক ফাউন্ডেশনের জেলা কমপ্লেক্স নির্মাণ প্রকল্পটির উপর যাচাই কমিটির সভা আহ্বানের জন্য নথি উপস্থাপন করা হয়েছে। সভাপতি এ প্রকল্পটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় অতিদ্রুত প্রকল্পটি প্রক্রিয়াকরণের অনুরোধ জানান।</p> <p>খ) ৩টি পার্বত্য জেলা ইসলামিক মিশন হাসপাতাল স্থাপন ও সেবা কার্যক্রম প্রকল্পের বিষয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মতামত অনুযায়ী ডিপিপি পুনর্গঠন করে প্রেরণের উপর গুরুত্বারোপ করা হয়।</p> <p>গ) সভায় জানানো হয় যে, স্থাপত্য অধিদপ্তর হতে প্রাপ্ত নকশা অনুযায়ী গণপূর্ত অধিদপ্তর কর্তৃক গোপালগঞ্জ ইসলামিক মিশন স্বাস্থ্যসেবা এবং ইমাম প্রশিক্ষণ কমপ্লেক্স স্থাপন প্রকল্পের ব্যয় প্রাক্কলন কাজ চলমান রয়েছে। ২/১ দিনের মধ্যে তা সম্পন্ন হবে। সভাপতি প্রকল্পের ডিপিপি আগামী সভার পূর্বে প্রেরণের জন্য অনুরোধ করেন।</p> <p>ঘ) ময়মনসিংহে ৫০ শয্যা বিশিষ্ট ইসলামী মিশন হাসপাতাল নির্মাণ প্রকল্পের অগ্রগতির বিষয়ে জানতে চাইলে ইসলামিক ফাউন্ডেশনের পরিচালক (পরিবহন) জানান যে, স্থাপত্য অধিদপ্তর হতে নকশা পাওয়া গেছে, নির্মাণ ব্যয় প্রাক্কলন সম্পন্ন হয়েছে, প্রয়োজনীয় যন্ত্রপাতির তালিকার জন্য স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। সভাপতি দ্রুত ডিপিপি চূড়ান্ত করে মন্ত্রণালয়ে প্রেরণের অনুরোধ জানান।</p> <p>ঙ) ময়মনসিংহে ইমাম প্রশিক্ষণ একাডেমী ও বিভাগীয় অফিস স্থাপন প্রকল্পের বিষয়ে আলোচনা হয় যে, নকশা স্থাপত্য অধিদপ্তর হতে এখনও পাওয়া যায়নি। এ বিষয়ে স্থাপত্য অধিদপ্তরের প্রতিনিধি বলেন যে, স্থাপত্য অধিদপ্তরে জনবল সংকট থাকায় তারা পর্যায়ক্রমে নকশা প্রণয়নের কাজ করছে। যথসম্ভব দ্রুত তারা নকশা প্রণয়নের কাজ সম্পন্ন করবে। সভাপতি ইসলামিক ফাউন্ডেশনের পরিচালক (পরিবহন)-কে স্থাপত্য অধিদপ্তরের সাথে প্রয়োজনীয় যোগাযোগ করে নকশা প্রণয়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানান।</p> <p>চ) সভায় জমিয়তুল ফালাহ মসজিদ কাম সম্প্রসারণ প্রকল্পের একটি মাস্টার প্ল্যান প্রণয়নের উপর গুরুত্বারোপ করা হয়।</p> <p>ছ) “২০ তলা ভিত বিশিষ্ট ২টি বেজমেন্ট ফ্লোরসহ ৫তলা ওয়াকফ ভবনের উর্ধ্বমুখী ৩টি ফ্লোর নির্মাণ” শীর্ষক প্রকল্পের ডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণে সিদ্ধান্ত থাকলেও তা প্রেরণ না করায় আগামী সভার পূর্বেই ডিপিপি প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়।</p>	<p>ক) ইসলামিক ফাউন্ডেশনের জেলা কমপ্লেক্স নির্মাণ প্রকল্পটির অননুমোদন প্রক্রিয়াকরণ করতে হবে।</p> <p>খ) ৩টি পার্বত্য জেলা ইসলামিক মিশন হাসপাতাল স্থাপন ও সেবা কার্যক্রম প্রকল্পের বিষয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মতামত অনুযায়ী ডিপিপি পুনর্গঠন করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।</p> <p>গ) গোপালগঞ্জ ইসলামিক মিশন স্বাস্থ্যসেবা এবং ইমাম প্রশিক্ষণ কমপ্লেক্স স্থাপন প্রকল্পের ডিপিপি আগামী সভার পূর্বেই মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।</p> <p>ঘ) ময়মনসিংহে ৫০ শয্যা বিশিষ্ট ইসলামী মিশন হাসপাতাল নির্মাণ প্রকল্পের ডিপিপি চূড়ান্ত করে দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।</p> <p>ঙ) ইসলামিক ফাউন্ডেশনের পরিচালক (পরিবহন) স্থাপত্য অধিদপ্তরের সাথে প্রয়োজনীয় যোগাযোগ রক্ষা করে ময়মনসিংহে ইমাম প্রশিক্ষণ একাডেমী ও বিভাগীয় অফিস স্থাপন প্রকল্পের নকশা প্রণয়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।</p> <p>চ) জমিয়তুল ফালাহ মসজিদ কাম সম্প্রসারণ প্রকল্পের একটি মাস্টার প্ল্যান প্রণয়ন করতে হবে।</p> <p>ছ) “২০ তলা ভিত বিশিষ্ট ২টি বেজমেন্ট ফ্লোরসহ ৫তলা ওয়াকফ ভবনের উর্ধ্বমুখী ৩টি ফ্লোর নির্মাণ” শীর্ষক প্রকল্পের ডিপিপি আগামী সভার পূর্বেই মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।</p>	<p>ধর্ম বিষয়ক মন্ত্রণালয়</p> <p>মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন</p> <p>মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন</p> <p>মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন</p> <p>মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন</p> <p>মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন</p> <p>ওয়াকফ প্রশাসক</p>
৩.৯	<p>“প্রতি জেলা ও উপজেলায় একটি করে মোট ৫৬০টি মডেল মসজিদ এবং ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র স্থাপন”:</p> <p>প্রকল্পে থ্রি ডি এনিমেশন নকশা সভায় প্রদর্শন করা হয়। সভাপতি থ্রি ডি এনিমেশনসহ নকশা দ্রুত মন্ত্রণালয়ের মাধ্যমে প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণের ওপর গুরুত্বারোপ করেন।</p>	<p>প্রকল্পের নকশার থ্রি ডি এনিমেশন দ্রুত মন্ত্রণালয়ের মাধ্যমে প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p>	<p>ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।</p> <p>মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন</p>

<p>৩.১০</p>	<p>আন্দরকিল্লা শাহী জামে মসজিদ কমপ্লেক্স পুনঃনির্মাণ প্রকল্প: সভায় স্থাপত্য অধিদপ্তরের প্রতিনিধি জানান যে, ইসলামিক ফাউন্ডেশন হতে ৩টি নকশা প্রেরণ করে উক্ত নকশার আলোকে আন্দরকিল্লা শাহী জামে মসজিদের জন্য ১টি নকশা প্রণয়নের জন্য অনুরোধ জানানো হয়েছে। নকশা প্রণয়ন একটি সৃজনশীল কাজ বিধায় এভাবে নকশা প্রণয়ন করা সম্ভব নয়। তবে স্থাপত্য অধিদপ্তরকে দায়িত্ব প্রদান করা হলে তারা নিজেরা পৃথকভাবে নকশা প্রণয়ন করে দিবে অথবা বিদ্যমান নকশা হতে ১টি নকশা ভেটিং এর জন্য প্রেরণ করা হলে তারা ভেটিং করে দিবে। তবে আন্দরকিল্লা শাহী জামে মসজিদ একটি ঐতিহাসিক মসজিদ হওয়ায় এ নির্মাণ কাজের ক্ষেত্রে প্রস্তুত অধিদপ্তরের পরামর্শ নেওয়া প্রয়োজন। সভাপতি ইসলামিক ফাউন্ডেশনের মহাপরিচালককে প্রস্তুত অধিদপ্তর, স্থাপত্য অধিদপ্তর ও গণপূর্ত অধিদপ্তর এবং সংশ্লিষ্ট সকলকে নিয়ে একটি পর্যালোচনা সভা আহ্বান করে অতিদ্রুত নকশা চূড়ান্ত করে প্রকল্পটির ডিপিপি অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে প্রেরণের অনুরোধ জানান।</p>	<p>ক) আন্দরকিল্লা শাহী জামে মসজিদ কমপ্লেক্স পুনঃনির্মাণ প্রকল্পের বিষয়ে প্রস্তুত অধিদপ্তর, স্থাপত্য অধিদপ্তর ও গণপূর্ত অধিদপ্তর এবং সংশ্লিষ্ট সকলকে নিয়ে একটি পর্যালোচনা সভা আহ্বান করতে হবে। খ) আন্দরকিল্লা শাহী জামে মসজিদ কমপ্লেক্স পুনঃনির্মাণ প্রকল্পের নকশা চূড়ান্ত করে প্রকল্পটির ডিপিপি অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।</p>	<p>মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন.</p>
<p>৩.১১</p>	<p>বিবিধ : ক) কোন কোন প্রকল্প পরিচালক নির্ধারিত সময়ে উপস্থিত না হওয়ায় সচিব মহোদয় অসন্তোষ প্রকাশ করেন এবং পরবর্তীতে প্রতিটি সভায় প্রত্যেক প্রকল্প পরিচালককে নির্ধারিত সময়ের পূর্বেই উপস্থিত থাকার জন্য অনুরোধ জানান। খ) সভায় পর্যালোচনা সভার কার্যবিবরণী জারির ৭ দিনের মধ্যে সিদ্ধান্তের অগ্রগতির প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের অনুরোধ জানানো হয়। গ) সভায় আলোচনা হয় যে, বৃহৎ এবং জটিল প্রকল্প ব্যতিত সাধারণ প্রকল্পসমূহের সম্ভাব্যতা যাচাই কোন ফার্মের মাধ্যমে না করে মন্ত্রণালয় ও বাস্তবায়নকারী সংস্থার কর্মকর্তাগণ প্রকল্পটির সম্ভাব্যতা নিরূপনের জন্য সরেজমিনে পরিদর্শন করে এবং স্টেক হোল্ডারদের সাথে আলোচনা করে প্রকল্পটির সম্ভাব্যতার বিষয়ে প্রতিবেদন দাখিল করতে পারেন। উক্ত প্রতিবেদন ডিপিপিতে সংযুক্ত করে ডিপিপি প্রক্রিয়াকরণের জন্য প্রেরণ করা যেতে পারে। ঘ) সভায় আলোচনা হয় যে, মাননীয় মন্ত্রীর উপস্থিতিতে ফেব্রুয়ারি'২০১৭ মাসের শেষ সপ্তাহে বিভিন্ন ধর্মের প্রতিনিধিদের সমন্বয়ে চট্টগ্রাম এবং বান্দরবান জেলায় আন্তঃধর্মীয় সংলাপ আয়োজনের জন্য ইসলামিক ফাউন্ডেশন প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে পারে। পরবর্তীতে অন্যান্য বিভাগ এবং সীমান্তবর্তী জেলাসমূহে এরূপ আন্তঃধর্মীয় সংলাপ আয়োজনের বিষয়ে যুগ্মসচিব (উন্নয়ন) এবং ইসলামিক ফাউন্ডেশন প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন।</p>	<p>ক) প্রতিটি সভায় প্রত্যেক সদস্যকে নির্ধারিত সময়ের পূর্বেই উপস্থিত থাকতে হবে। খ) পর্যালোচনা সভার কার্যবিবরণী জারির ৭ দিনের মধ্যে সিদ্ধান্তের অগ্রগতির প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। গ) বৃহৎ এবং জটিল প্রকল্প ব্যতিত সাধারণ প্রকল্পসমূহের সম্ভাব্যতা যাচাই কোন ফার্মের মাধ্যমে না করে মন্ত্রণালয় ও বাস্তবায়নকারী সংস্থার কর্মকর্তাগণ প্রকল্পটির সম্ভাব্যতা নিরূপনের জন্য সরেজমিনে পরিদর্শন করে এবং স্টেক হোল্ডারদের সাথে আলোচনা করে প্রকল্পটির সম্ভাব্যতার বিষয়ে প্রতিবেদন দাখিল করতে পারেন। উক্ত প্রতিবেদন ডিপিপিতে সংযুক্ত করে ডিপিপি প্রক্রিয়াকরণ করা যেতে পারে। ঘ) মাননীয় মন্ত্রীর উপস্থিতিতে ফেব্রুয়ারি'২০১৭ মাসের শেষ সপ্তাহে বিভিন্ন ধর্মের প্রতিনিধিদের সমন্বয়ে চট্টগ্রাম এবং বান্দরবান জেলায় আন্তঃধর্মীয় সংলাপ আয়োজনের জন্য ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। পরবর্তীতে অন্যান্য বিভাগ এবং সীমান্তবর্তী জেলাসমূহে এরূপ আন্তঃধর্মীয় সংলাপ আয়োজনের বিষয়ে যুগ্মসচিব (উন্নয়ন) এবং ইসলামিক ফাউন্ডেশন প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন।</p>	<p>সকল কর্মকর্তা সকল প্রকল্প পরিচালক সকল সংস্থা প্রধান ইসলামিক ফাউন্ডেশন ও যুগ্মসচিব (উন্নয়ন)</p>

<p>ঙ) সভার আলোচ্য সূচিতে স্বাস্থ্য সংক্রান্ত কোন বিষয় থাকলে আলোচনার সুবিধার জন্য স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ে উপযুক্ত প্রতিনিধির উপস্থিত থাকা প্রয়োজন মর্মে সভাপতি গুরুত্বারোপ করেন। ।</p>	<p>ঙ) সভার আলোচ্য সূচিতে স্বাস্থ্য সংক্রান্ত কোন বিষয় থাকলে আলোচনার সুবিধার জন্য স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের উপযুক্ত প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ জানাতে হবে।</p>	<p>ধর্ম বিষয়ক মন্ত্রণালয়</p>
--	--	--------------------------------

৪। আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বা:/-৩০.০১.২০১৭ খ্রি:

অধ্যক্ষ মতিউর রহমান

মন্ত্রী

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।

তারিখঃ ০৮.০২.২০১৭ খ্রিঃ

নং-১৬.০০.০০০০.০০৮.০৮.০৪২.১৪/৬৩

অনুলিপিঃ জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতাক্রমানুসারে নয়)।

- ০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃঃ আঃ উপ-সচিব, বাজেট অধিশাখা-২৩]।
- ০৩। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুন বাগিচা, ঢাকা।
[দৃ: আ: জনাব মো: জামিলুর রহমান, নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত প্রকল্প সার্কেল-২]।
- ০৪। প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, সেগুন বাগিচা, ঢাকা
[দৃ: আ: আ.স.ম আমিনুর রহমান, উপ প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর সার্কেল-১]।
- ০৫। যুগ্ম-সচিব(প্রশাসন ও হজ্জ/সংস্থা ও উন্নয়ন), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৬। মহাপরিচালক, শিক্ষা ও সামাজিক সেক্টর, শেরে বাংলা নগর, ঢাকা।
- ০৭। ওয়াকফ প্রশাসক, ওয়াকফ প্রশাসকের কার্যালয়, ৪, নিউ স্কাটন, ঢাকা।
- ০৮। মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।
- ০৯। যুগ্ম-প্রধান-২, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- ১০। যুগ্ম-প্রধান, শিক্ষা উইং, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- ১১। পরিচালক-১০, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ১২। উপ-সচিব (উন্নয়ন/বাজেট), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৩। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৪। প্রকল্প পরিচালক, মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায় প্রকল্প, ইসলামিক ফাউন্ডেশন, ঢাকা
[তাকে প্রতি মাসে পর্যালোচনা সভার কার্যবিবরণী জারির ৭ দিনের মধ্যে সিদ্ধান্তের অগ্রগতির প্রতিবেদন প্রেরণের অনুরোধ করা হ'ল]।
- ১৫। প্রকল্প পরিচালক, “মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৪র্থ পর্যায়” শীর্ষক প্রকল্প, ১/আই, পরিবাগ, ঢাকা
[তাকে প্রতি মাসে পর্যালোচনা সভার কার্যবিবরণী জারির ৭ দিনের মধ্যে সিদ্ধান্তের অগ্রগতির প্রতিবেদন প্রেরণের অনুরোধ করা হ'ল]।
- ১৬। প্রকল্প পরিচালক “প্যাগোডা ভিত্তিক প্রাক-প্রাথমিক শিক্ষা” শীর্ষক প্রকল্প, জোবেদা ভিলা (২য় তলা), ৬৭/৪, এ
পাইওনিয়ার রোড, কাকরাইল, ঢাকা।
[তাকে প্রতি মাসে পর্যালোচনা সভার কার্যবিবরণী জারির ৭ দিনের মধ্যে সিদ্ধান্তের অগ্রগতির প্রতিবেদন প্রেরণের অনুরোধ করা হ'ল]।
- ১৭। প্রকল্প পরিচালক, “ধর্মীয় ও আর্থ-সামাজিক প্রেক্ষাপটে পুরোহিত ও সেবাইতদের দক্ষতাবৃদ্ধিকরণ” শীর্ষক প্রকল্প,
৮৮২ (২য় তলা), শহীদবাগ, শাহজাহানপুর, ঢাকা
[তাকে প্রতি মাসে পর্যালোচনা সভার কার্যবিবরণী জারির ৭ দিনের মধ্যে সিদ্ধান্তের অগ্রগতির প্রতিবেদন প্রেরণের অনুরোধ করা হ'ল]।
- ১৮। প্রকল্প পরিচালক, মসজিদ পাঠাগার সম্প্রসারণ ও শক্তিশালীকরণ প্রকল্প, ইসলামিক ফাউন্ডেশন, ঢাকা
[তাকে প্রতি মাসে পর্যালোচনা সভার কার্যবিবরণী জারির ৭ দিনের মধ্যে সিদ্ধান্তের অগ্রগতির প্রতিবেদন প্রেরণের অনুরোধ করা হ'ল]।
- ১৯। প্রকল্প পরিচালক, ইসলামী পুস্তক প্রকাশনা কার্যক্রম-২য় পর্যায় প্রকল্প, ইসলামিক ফাউন্ডেশন, ঢাকা
[তাকে প্রতি মাসে পর্যালোচনা সভার কার্যবিবরণী জারির ৭ দিনের মধ্যে সিদ্ধান্তের অগ্রগতির প্রতিবেদন প্রেরণের অনুরোধ করা হ'ল]।
- ২০। সচিব, হিন্দু /বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
- ২১। পরিচালক, পরিকল্পনা বিভাগ, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা
[তাকে প্রতি মাসে পর্যালোচনা সভার কার্যবিবরণী জারির ৭ দিনের মধ্যে সিদ্ধান্তের অগ্রগতির প্রতিবেদন প্রেরণের অনুরোধ করা হ'ল]।
- ২২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, সচিবালয় ভবন ৩য় ফেজ, সেগুন বাগিচা, ঢাকা।
- ২৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলা দেশ সচিবালয়, ঢাকা।
- ২৪। সিনিয়র তথ্য কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২৫। সহকারী প্রোগ্রামার, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সভার কার্যবিবরণীটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হ'ল)।
- ২৬। অফিস কপি/মাস্টার কপি।

শেখ শামছুর রহমান

সিনিয়র সহকারী প্রধান

ফোনঃ ৯৫৭৭২৩৭